# নী তি মা লা

২৫তম জাতীয় চারুকলা প্রদর্শনী ২০২৩

৫ মে - ২০ জুন ২০২৩

## 25th NATIONAL ART EXHIBITION 2023

5 May - 20 June 2023


সৃজনশীল বাংলাদেশ

চারুকলা বিভাগ

বাংলাদেশ শিল্পকলা একাডেমি

# নী তি মা লা

## এক

### ২৫তম জাতীয় চারুকলা প্রদর্শনী ২০২৩-এ যে সকল বিষয়ের শিল্পকর্ম স্থান পাবে:

মাসব্যাপী প্রদর্শনীতে দ্বিমাত্রিক ও ত্রিমাত্রিক শিল্পকর্ম যেমন: চিত্রকলা, ভাস্কর্য, ছাপচিত্র, গ্রাফিক ডিজাইন, কারুকলা, প্রাচ্যকলা, মৃৎশিল্প, আলোকচিত্র, স্থাপনাশিল্প, পারফরমেন্স আর্ট ও নিউ মিডিয়া আর্ট ইত্যাদি স্থান পাবে।

## দুই

### প্রদর্শনীতে অংশগ্রহণের সাধারণ নিয়মাবলী:

ক. প্রাথমিক পর্যায়ে প্রদর্শনীতে অংশগ্রহণের উদ্দেশ্যে নির্বাচনের জন্য শিল্পকর্মের রঙিন আলোকচিত্র/ ডিজিটাল ইমেজ জমা দিতে হবে। রঙিন আলোকচিত্র 5R সাইজের হতে হবে।

খ. ২১ বছরের ঊর্ধ্বে বাংলাদেশের সকল শিল্পী এ প্রদর্শনীতে অংশগ্রহণের জন্য অনধিক তিনটি সাম্প্রতিক (২০২১-২০২৩) শিল্পকর্মের রঙিন আলোকচিত্র/ ডিজিটাল ইমেজ জমা দিতে পারবেন।

গ. ইতোপূর্বে বাংলাদেশ শিল্পকলা একাডেমির প্রদর্শনীতে প্রদর্শিত শিল্পকর্ম এ প্রদর্শনীতে গ্রহণযোগ্য হবে না।

ঘ. দ্বিমাত্রিক ক্ষেত্রে শিল্পকর্ম ২৪৪×২৪৪ সে.মি. (৮'×৮') মাপের বেশি এবং ত্রিমাত্রিক ভাস্কর্যের ক্ষেত্রে উচ্চতা ২৪৪ × দৈর্ঘ্য ১৫০ × প্রস্থ ১৫০ সে.মি (৮'×৫'×৫') আয়তনের/ মাপের বেশি গ্রহণযোগ্য হবে না।

ঙ. প্রতিটি দ্বিমাত্রিক শিল্পের জন্য ২টি করে রঙিন আলোকচিত্র এবং প্রতিটি ভাস্কর্যের জন্য বিভিন্ন দিক থেকে তোলা তিনটি করে রঙিন আলোকচিত্র/ ডিজিটাল ইমেজ জমা দিতে হবে।

চ. স্থাপনা শিল্পের ক্ষেত্রে দৈর্ঘ্য ১৫′× প্রস্থ ১০′× উচ্চতা ১০′ মাপের বেশি গ্রহণযোগ্য হবে না। প্রয়োজনে ৪৫×৪০ সে.মি. সাইজের একটি মডেল ও আলোকচিত্র জমা দিতে হবে।

   স্থাপনা শিল্পকর্মের জন্য বিভিন্ন দিক থেকে ৪টি রঙিন লে-আউটসহ কনসেপ্ট পেপার জমা দিতে হবে।

ছ. পারফরমেন্স আর্ট-এর ক্ষেত্রে শিল্পীর পূর্ববর্তী ৩টি কাজের ভিডিও সিডি এবং নতুন কাজের কনসেপ্ট পেপার ও লে আউট জমা দিতে হবে।

জ. যে কোন শিল্পকর্মের ক্ষেত্রে নির্ধারিত নীতিমালা অনুযায়ী শর্ত পূরণ না করে জমা দিলে তা শিল্পকর্ম নির্বাচন কমিটির কাছে উপস্থাপন করা হবে না।

ঝ. প্রতিটি শিল্পকর্মের রঙিন আলোকচিত্রের পিছনে শিল্পীর নাম, শিল্পকর্মের আখ্যা, Top (↑) চিহ্ন, মাপ, সন, মাধ্যম ও ক্রমিক নম্বর উল্লেখ করতে হবে। এন্ট্রিফরমে নিম্নবর্ণিত তথ্যাদি পরিষ্কারভাবে বাংলা এবং ইংরেজিতে লিখে দিতে হবে।

   ১. শিল্পকর্মের শিরোনাম, মাধ্যম, বছর, আয়তন এবং সংক্ষিপ্ত ব্যাখ্যা আলাদাভাবে প্রতিটি শিল্পকর্মের জন্য ১০০ থেকে ১৫০ শব্দের মধ্যে শিল্পকর্মের ব্যাখ্যা (কনসেপ্ট নোট) হার্ড কপি ও সফ্‌ট কপি (বিজয় ৫২) জমা দিতে হবে।

   ২. বিক্রির জন্য হলে শিল্পকর্মের মূল্য কথায় ও অংকে লিখতে হবে।

   ৩. প্রতিযোগিতার জন্য অথবা প্রতিযোগিতার জন্য নয়, নিবন্ধন ফরমে উল্লেখ করতে হবে।

ঞ. শিল্পকর্মের রঙিন আলোকচিত্র/ ডিজিটাল ইমেজ আগামী ১৫ ফেব্রুয়ারি থেকে ১৪ মার্চ ২০২৩-এর মধ্যে অফিস চলাকালীন পরিচালক, চারুকলা বিভাগ, বাংলাদেশ শিল্পকলা একাডেমি, সেগুনবাগিচা, রমনা, ঢাকা-১০০০ এই ঠিকানায় পৌঁছাতে হবে। ডাকযোগে অথবা কুরিয়ার সার্ভিসযোগে প্রেরণ করা হলে এমনভাবে পাঠাতে হবে যেন নির্ধারিত সময়ের মধ্যে পৌঁছাতে পারে। নির্ধারিত তারিখের পর প্রাপ্ত শিল্পকর্মের কোন তথ্যাদি গ্রহণযোগ্য হবে না।

ট. আলোকচিত্র/ ডিজিটাল ইমেজ-এর সঙ্গে শিল্পীর সংক্ষিপ্ত পরিচিতি এবং নিবন্ধন ফরম অবশ্যই পূরণ করে দিতে হবে।

ঠ. শিল্পকর্ম নির্বাচন কমিটি কর্তৃক আলোকচিত্র/ সিডি দেখে নির্বাচন কাজ সম্পন্ন হওয়ার পর ২৬ মার্চ, ২০২৩ তারিখে নির্বাচিত শিল্পী ও শিল্পকর্মের তালিকা বাংলাদেশ শিল্পকলা একাডেমির জাতীয় চিত্রশালার নোটিশ বোর্ডে এবং অনলাইনে প্রকাশ করা হবে।

ড. নির্বাচিত মূল শিল্পকর্মটি প্রদর্শনের উপযোগী করে (শিল্পকর্ম অবশ্যই মানসম্মতভাবে ফ্রেম/উপস্থাপনযোগ্য করে দিতে হবে) ২৭ মার্চ থেকে ১০ এপ্রিল ২০২৩ তারিখের মধ্যে বাংলাদেশ শিল্পকলা একাডেমির জাতীয় চিত্রশালায় পৌঁছাতে হবে। তবে এ শর্ত স্থাপনা শিল্পকর্মের জন্য প্রযোজ্য হবে না।

ঢ. প্রদর্শনীতে বিক্রয়লব্ধ শিল্পকর্মের মূল্য থেকে শতকরা ১৫/= (পনের) টাকা হারে বাংলাদেশ শিল্পকলা একাডেমিকে কমিশন প্রদান করতে হবে।

ণ. প্রদর্শনীর জন্য জমা দেওয়া যে কোন শিল্পকর্মের আলোকচিত্র মুদ্রণ ও পুনর্মুদ্রণের অধিকার শিল্পকলা একাডেমির থাকবে।

ত. প্রদর্শনীর জন্য জমাকৃত কোন শিল্পকর্ম ক্ষতিগ্রস্থ হলে একাডেমি তার ক্ষতিপূরণ দিতে বাধ্য থাকবে না। তবে কোন প্রকার ক্ষতি যাতে না হয় সে বিষয়ে পূর্ণ সতর্কতা অবলম্বন করা হবে।

থ. ঢাকা মহানগরীর ক্ষেত্রে ১০ দিন, অন্যান্য স্থানের ক্ষেত্রে প্রদর্শনী সমাপ্তির ১৫ দিনের মধ্যে অংশগ্রহণকারী শিল্পীদেরকে বাংলাদেশ শিল্পকলা একাডেমি, ঢাকা থেকে তাঁদের শিল্পকর্ম নিজ দায়িত্বে ফেরত নিয়ে যেতে হবে। এই সময়সীমার পর শিল্পকর্মের কোন ক্ষতি হলে এ ব্যাপারে বাংলাদেশ শিল্পকলা একাডেমির কোন দায়-দায়িত্ব থাকবে না। এছাড়া নির্দিষ্ট সময়ের মধ্যে শিল্পকর্ম ফেরত না নিলে উক্ত শিল্পকর্মের স্বত্ব বা কপিরাইট শিল্পীর নিকট থাকবে না এবং শিল্পী পরবর্তীতে শিল্পকলা একাডেমির কোন প্রদর্শনীতে অংশগ্রহণ করতে পারবেন না।

## তিন

### ২৫তম জাতীয় চারুকলা প্রদর্শনী ২০২৩-এর পুরস্কারসমূহঃ

ক. প্রদর্শনীতে প্রদর্শিত সকল মাধ্যমে শ্রেষ্ঠ শিল্পকর্মের জন্য "বাংলাদেশ শিল্পকলা একাডেমি পুরস্কার-২০২৩" নামে একটি শ্রেষ্ঠ পুরস্কার এবং বাংলাদেশ শিল্পকলা একাডেমি কর্তৃক ১১টি মাধ্যমে ১১টি শ্রেষ্ঠ পুরস্কার ও ৫টি সম্মানসূচক পুরস্কার প্রদান করা হবে। এছাড়া একাধিক বিশেষ পুরস্কার প্রদান করা হবে।

খ. শিল্পকর্ম নির্বাচন কমিটি এবং পুরস্কার নির্ধারণ বিষয়ক বিচারকমণ্ডলীর সদস্যবৃন্দ ব্যতীত বাংলাদেশের সকল শিল্পী প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবেন। শিল্পকর্ম নির্বাচন কমিটি ও বিচারকমণ্ডলীর সদস্যগণ আমন্ত্রিত শিল্পী হিসেবে প্রদর্শনীতে অংশগ্রহণ করতে পারবেন।

গ. প্রতিযোগিতার জন্য নয় একথা উল্লেখ না থাকলে প্রদর্শনীর উদ্দেশ্যে জমা সকল শিল্পকর্মই প্রতিযোগিতার জন্য বলে বিবেচিত হবে।

## চার

প্রদর্শনীর জন্য শিল্পকর্ম নির্বাচনের ব্যাপারে বাংলাদেশ শিল্পকলা একাডেমি এবং একাডেমিক কর্তৃক গঠিত শিল্পকর্ম নির্বাচন কমিটি এবং পুরস্কারের ব্যাপারে বিচারকমণ্ডলী সর্বপ্রকার দায়িত্ব ও ক্ষমতাপ্রাপ্ত এবং তাঁদের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে। অংশগ্রহণকারী শিল্পী অথবা অন্য কারো এ সম্পর্কে কোন অভিযোগ বা প্রতিবাদ কোন ক্রমেই গ্রহণযোগ্য হবে না।

## পাঁচ

প্রদর্শনীর জন্য নির্বাচিত শিল্পকর্মের আলোকেচিত্রের সাথে মূল শিল্পকর্মের মান যথাযথ না হলে সেসব শিল্পকর্ম বাতিল বলে বিবেচিত হবে।

## ছয়

প্রদর্শনীর জন্য যাঁরা শিল্পকর্ম প্রেরণ করবেন তাঁরা উপরোক্ত নীতিমালা ও প্রয়োজনবোধে পরবর্তীকালে এই নীতিমালা সংশোধন ও সম্প্রসারণ মানতে স্বীকৃত হয়েছেন বলে বিবেচিত হবে।

## সাত

প্রদর্শনী সংক্রান্ত সকল যোগাযোগ পরিচালক, চারুকলা বিভাগ, বাংলাদেশ শিল্পকলা একাডেমি, ১৪/৩ সেগুনবাগিচা, রমনা, ঢাকা-১০০০ এই ঠিকানায় করতে হবে।

nationalartgallery.bsa@gmail.com
২২২৩৩৮০৬০২
০১৯১৪৮৫৪৮১২, ০১৫৫২৩১৩৭৬১